Downloaded From : http://cbseportal.com/

This Question Paper consists of 30 questions and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 30টি প্রশ্ন এবং 8টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

Roll No. / রোল নং

Code No. / কোড নং **59/S/O/B**

Set / সেট **A**

# BENGALI

# বাংলা

# (203)

Day and Date of Examination (পরীক্ষার দিন ও তারিখ) ..........

Signature of Invigilators (তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর) 1. .......... 2. ..........

---

*সাধারণ নির্দেশাবলী ঃ*

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নম্বর লিখবেন।
2. প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D)-এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশিত করুন।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর-পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার Code No. 59/S/O/B সেট A লিখুন।



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

# BENGALI

## বাংলা

## (203)

সময় ঃ 3 ঘণ্টা ] [ পূর্ণমান ঃ 100

**নির্দেশ ঃ** (i) সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক, প্রতিটি প্রশ্নের সঙ্গে নম্বর দেওয়া আছে।

(ii) প্রশ্নসংখ্যা 1–20 বহুমুখী প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে 4 টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান 1 (one)।

**1.** ঢুলিরা উন্মাদের মত বাজাচ্ছে—কী বাজাচ্ছে? 1

(A) জয়ঢাক (B) ঢোল

(C) ধামসা (D) মাদল

**2.** 'ব্যথা পেলে কাঁদে'—ব্যথা পেলে কে কাঁদে? 1

(A) শিশুর মা (B) শিশু

(C) শিশুর পিতা (D) শিশুর দিদি

**3.** 'পশ্চাৎ-পথ-যাত্রী' কারা? 1

(A) যারা পিছিয়ে আছে (B) যারা টেনে ধরেছে

(C) যারা এগিয়েছে (D) যারা যাবে না

**4.** 'তাহাদের ছায়া পড়িয়াছে'—কাদের ছায়া পড়েছে? 1

(A) আকাশের (B) জলের

(C) রথের (D) জাম, বটের

**5.** যে বিজ্ঞানীর সমীক্ষার রহস্য উদ্ঘাটন করতে কুরি দম্পতি বদ্ধপরিকর হলেন, তিনি হলেন 1

(A) বেকরেল (B) সত্যেন্দ্রনাথ বসু

(C) প্রফুল্লচন্দ্র রায় (D) আইনস্টাইন



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

**6.** ''জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে'' কোন্ কবিতার অংশ? 1

(A) 'বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ' (B) 'মেঘনাদ বধ'

(C) 'বঙ্গভূমির প্রতি' (D) 'রবীন্দ্রনাথের প্রতি'

**7.** ''—যাদের সৌভাগ্য হয়েছিল মাদাম কুরিকে স্বচক্ষে দেখা,'' কার সৌভাগ্য হয়েছিল? 1

(A) সত্যেন্দ্রনাথ বসু (B) কেরি

(C) নিউটন (D) স্টিফেন হকিংস্

**8.** ''ইউরোপে গাছের তলায় ডক্টরেটের ডিপ্লোমা বিক্রি হয় শুনেছি।'' কত শিলিং-এ? 1

(A) পাঁচ শিলিং-এ (B) চার শিলিং-এ

(C) তিন শিলিং-এ (D) দুই শিলিং-এ

**9.** 'রেকর্ড' গল্পটি কার লেখা? 1

(A) বীরেন্দ্র চট্টোপাধ্যায় (B) নারায়ণ গঙ্গোপাধ্যায়

(C) রবীন্দ্রনাথ ঠাকুর (D) মহাশ্বেতা দেবী

**10.** 'খাবার জল' কাকে বলে? 1

(A) অস্বাস্থ্যকর জলকে (B) স্বাস্থ্যকর জলকে

(C) দুর্গন্ধহীন জলকে (D) দুর্গন্ধযুক্ত জলকে

**11.** পূর্তি মুণ্ডা যে আম গাছের নীচে ঘুমিয়েছিল, সেখানে পাওয়া গিয়েছিল 1

(A) জমিদারের চোরাই গয়না (B) জমিদারের চোরাই বাসন

(C) জমিদারের চোরাই মূল্যবান পাথর (D) জমিদারের চোরাই অর্থ

**12.** ''আমাদের ছুঁলে কি তোমার গুরু রাগ করবেন।'' এই কথাটি বলেছিল 1

(A) প্রথম শোনপাংশু (B) দ্বিতীয় শোনপাংশু

(C) তৃতীয় শোনপাংশু (D) পঞ্চক



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

**13.** ''... কিছু প্রশ্নোত্তর ও অন্য জমাজমি আছে,''—কার আছে? 1

(A) সৈয়দ আলফাজের

(B) শ্রী রায়ের

(C) রবীন্দ্রনাথের

(D) মোসাহেবের

**14.** আমাদের পাঁচ হাজার বছরের সংস্কৃতি কয়টি যুগ অতিক্রম করে এসেছে? 1

(A) প্রথম যুগ

(B) দ্বিতীয় যুগ

(C) চতুর্থ যুগ

(D) ষষ্ঠ যুগ

**15.** ''মানুষ বড়ো কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও।'' এই কথাগুলো কবিতাটিতে প্রথমে কোন্ স্তবকের, কোন্ পঙ্‌ক্তি হিসাবে ব্যবহার করা হয়েছে? 1

(A) প্রথম স্তবকের প্রথম পঙ্‌ক্তি

(B) প্রথম স্তবকের তৃতীয় পঙ্‌ক্তি

(C) দ্বিতীয় স্তবকের প্রথম পঙ্‌ক্তি

(D) দ্বিতীয় স্তবকের তৃতীয় পঙ্‌ক্তি

**16.** 'ছাড়পত্র' কবিতায় ছাড়পত্র কে পেয়েছে? 1

(A) বালক

(B) বালিকা

(C) শিশু

(D) তরুণ

**17.** সঠিক স্তবকটি নির্বাচন করুন : 1

(A) টুক্‌টুক্ পদ্ম
লক্ষ্মীর সদ্ম।

(B) নয় নয় তুল্য
নয় তার নিশ্চয়।

(C) এই এই মন
তন্ময় উন্মন।

(D) কোন্ ব্যয় স্বপ্নের
কোন্ পুর স্বপ্নের।

**18.** ''তোমাকে ছেড়ে দিলাম।'' কথাটি বলেছিল 1

(A) মনোহর

(B) পুরুত ঠাকুর

(C) লালু

(D) চাটুজ্জে

**19.** ''ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান,'' উক্তিটির লেখকের নাম কী? 1

(A) নজরুল ইসলাম

(B) আব্বাসউদ্দিন

(C) জসীমউদ্দিন

(D) আবদুল ওদুদ



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

**20.** ''জন্মিলে মরিতে হবে,'' কে বলেছিল? 1

(A) মধুসূদন দত্ত

(B) সত্যেন্দ্রনাথ দত্ত

(C) নরেন্দ্রনাথ দত্ত

(D) বিজয় দত্ত

**21.** 21(ক)–21(চ) প্রশ্নগুলির উত্তর 10–12টি শব্দে লিখুন :

(ক) ''... যে জমিটা পেলে ভালো হয়।'' 'জমিটা পেলে' কীভাবে ভালো করবে? 1

(খ) ''... দিতে হবে অধিকার।'' অধিকার দেওয়ার কথা কেন বলেছে? 1

(গ) ''মক্ষিকাও গলে না গো,'' উদ্ধৃত উক্তিটি মানুষের জীবনে কীভাবে কবি উপমা হিসাবে ব্যবহার করেছেন তা আলোচনা করুন। 1

(ঘ) পিয়ের শোপ্যাঁর সারাজীবনের শখ কী? 1

(ঙ) ভারতবর্ষে আর্যদের আগমন কখন ঘটে? 1

(চ) 'রেকর্ড' গদ্যে লেখকের কৌতূহল হল কেন? 1

**22.** 22(ক)–22(চ) প্রশ্নগুলির উত্তর অনধিক 30টি শব্দে লিখুন :

(ক) 'ছাড়পত্র' কবিতায় কবি শিশুর চোখে কী দেখতে পেয়েছেন? 2

(খ) ''অলস সময়ধারা বেয়ে'' এটি কোন্ কবিতার অংশ এবং কবির নাম কী? 2

(গ) ''ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়'' বাক্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন। 2

(ঘ) 'মিলনের কথা' গদ্যে কোন্ বিষয়কে লেখক পূর্ণ সমর্থন জানিয়েছেন? 2

(ঙ) ''তবে তেমন উজ্জ্বলভাবে নয়।'' তাদের উজ্জ্বলতা কেমন ছিল? 2

(চ) ''এ পথ গেছে কোন্‌খানে গো কোন্‌খানে'' পঞ্চক এই গানের মধ্য দিয়ে কোন্ পথের সন্ধান দিতে চাইছেন? 2

**23.** 23(ক) ও 23(খ) প্রশ্ন দুটি অনধিক 40–42টি শব্দে লিখুন :

(ক) ''চল, আর কোথা যাই।'' তারা চলে যেতে চাইছিল কেন? 3

(খ) 'ক্রমাগত চোখ রাঙিয়ে রাঙিয়ে
যারা হয়ে গেছে অন্ধ'
আত্মগর্বে গর্বিত চরিত্রগুলোকে কবি কার সঙ্গে তুলনা করেছেন এবং কেন? 3



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

**24.** শিরোমণি মহাশয় বসে কী ভাবছিলেন? (অনধিক 100টি শব্দে উত্তর দিন) 8

*অথবা*

"নইলে আরো একটি যুক্তবেণী রচিত হতে পারত।" যুক্তবেণী রচিত হয়নি কেন? (অনধিক 100টি শব্দে উত্তর দিন) 8

**25.** "অসহায় জাতি মরিছে ডুবিয়া জানে না সন্তরণ," কবি কীভাবে সাঁতরে ওঠার কথা বলেছেন? (অনধিক 100টি শব্দে উত্তর দিন) 8

*অথবা*

"জন্মিলে মরিতে হবে
অমর কে কোথা কবে,"

কবি কীভাবে অমর হতে চাইছিলেন? সামাজিক দৃষ্টিতে এই উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করুন। (অনধিক 100টি শব্দে উত্তর দিন) 8

**26.** "একটু জিজ্ঞাসা করে দেখি।" এই উক্তিটি কে করেছিল? কেন করেছিল? প্রত্যুত্তরে তিনি কী বলেছিলেন? 6

**27.** (ক) সম্পূর্ণ বিপরীত অর্থবোধক দুটি শব্দ নিয়ে একটি বাক্য গঠন করুন, যা নিম্নে দেওয়া হল (যে কোনো *চারটি*) : 4

(১) বৈশাখ–জ্যৈষ্ঠ

(২) গুরু–শিষ্য

(৩) আলো–অন্ধকার

(৪) জীবন–মৃত্যু

(৫) ভীরু–সাহসী



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

(খ) বাক্যের মধ্যে ক্রিয়াবিশেষণটিতে দাগ দিন (যে কোনো *চারটি*) : 4

(১) খাঁচার মধ্যে আঁচড় টানছো?

(২) রতন আজ খাওয়ার খায়নি।

(৩) চাটুজ্জেমশাই রাগতভাবে কথা বলে।

(৪) তোমার আসা চাই।

(৫) এখন তুমি চলে এসো।

(গ) অর্থ বন্ধনীর মধ্যে লিখে, প্রবাদ-প্রবচন করুন (যে কোনো *চারটি*) : 4

(১) অকূল পাথারে ভাসা

(২) ইঁচড়ে পাকা

(৩) উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে চেপে গেল

(৪) কানপাতলা

(৫) গভীর জলের মাছ

(ঘ) অর্থ ঠিক রেখে বাক্যের গঠনগত পরিবর্তন করুন (যে কোনো *চারটি*) : 4

(১) টাকা ফেরত দাও নতুবা ছাড়বো না। (সরল)

(২) সকালে এলে দেখা হবে। (জটিল)

(৩) বাইরে ঠাণ্ডা ভিতরে গরম। (যৌগিক)

(৪) তিনি নির্দোষ ছিলেন। (নেতিবাচক)

(৫) আপনি শুনলে অবাক হবেন। (আবেগসূচক)



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS

Downloaded From : http://cbseportal.com/

**28.** অনধিক 75টি শব্দে ভাবসম্প্রসারণ করুন : 5

"বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে"

*অথবা*

"একা যে সেই ক্ষুদ্র, সেই সামান্য।"

**29.** আপনার গ্রামে কোনো চিকিৎসাকেন্দ্র নেই। গ্রামের অধিবাসীদের চিকিৎসার জন্য পাঁচ মাইল দূরে চিকিৎসাকেন্দ্রে যেতে হয়। এই কারণে আপনি জেলা আধিকারিক, মেদিনীপুরকে আপনার গ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের অনুরোধ জানিয়ে চিঠি লিখুন। 5

*অথবা*

আপনি হোটেল ম্যানেজমেন্ট পড়তে চান। ভর্তির কী নিয়ম, কী কী বিষয় আছে, কতদিনের কোর্স জানতে চেয়ে অধিকর্তা, হোটেল অ্যাণ্ড কেটারিং ইন্‌স্টিটিউট, ২৩ তারাতলা রোড্, কলকাতা এই ঠিকানায় চিঠি লিখুন। 5

**30.** যে কোনো *একটি* বিষয়কে অবলম্বন করে অনধিক 120টি শব্দে প্রবন্ধ লিখুন : 8

(ক) সাম্প্রদায়িকতাবাদ ও বিচ্ছিন্নতাবাদ প্রতিরোধে ছাত্রসমাজ

রচনা সংকেত ঃ (ভূমিকা—বৈচিত্র্যের ভিতর ঐক্য—ধর্মনিরপেক্ষতা ও ছাত্রসমাজ—গণতন্ত্রের ভূমিকা—সাম্প্রদায়িক সম্প্রীতি ও দায়িত্ব—মৌলবাদ—প্রতিকারের পথ—উপসংহার)

(খ) একটি উৎসবের স্মৃতি

রচনা সংকেত ঃ (ভূমিকা—তাৎপর্য—বন্ধুর জন্মদিন—উৎসবের মাঝে উপহার দেওয়া—জন্মদিন একটি চমক)

(গ) বিজ্ঞান ও কুসংস্কার

রচনা সংকেত ঃ (অবৈজ্ঞানিক মন—কুসংস্কার কী—আধুনিকতা ও বিজ্ঞানচেতনা—অন্ধবিশ্বাস থেকে মুক্তি—অন্ধ কুসংস্কার কাকে বলে—সামাজিক কুসংস্কার, যা এখনও প্রবল—শিক্ষিত মানুষের কুসংস্কার—পথের দিশা)

(ঘ) ভারতপথিক রামমোহন

রচনা সংকেত ঃ (ভূমিকা—জন্ম সময়—লেখাপড়া ও সম্ভাবনা—রামমোহনের বিষয়-আশয়—বেদান্তের নতুন ভাষ্য ঃ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা—সতীদাহ প্রথা নিরোধ ও শিক্ষার প্রসার—রাজনৈতিক মতামত ও বিশ্ববোধ—বাংলা গদ্য রচনা ও আধুনিকতা—উপসংহার)

★ ★ ★



Downloaded From : http://cbseportal.com/ Courtesy : NIOS